ডাইরী নং ১৮৮২ প্রঃপ্রঃ
তারিখ ২৫।৪।২০২২
প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
<u>বিআরটিএ সংস্থাপন শাখা</u>

গত ১৯-০৪-২০২২ তারিখ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এমপি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক আসন্ন পবিত্র ঈদুল-ফিতর, ২০২২ উদযাপন উপলক্ষে যাতায়াত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে <u>জনসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করা এবং যানজট নিরসনে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী</u>

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল্লাহ্ আল হাসান চৌধুরী<br>অতিরিক্ত সচিব<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২১-০৪-২০২২ খ্রিষ্টাব্দ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

অঃ প্রঃ প্রঃ MSW / P&M/ঢাকাজোন
PD. GDSUTP (BRT)
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে অতিরিক্ত সচিব জানান যে, আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে ঈদযাত্রা নির্বিঘ্ন করার লক্ষ্যে সকলের সম্মিলিত প্রয়াসে আমরা কাজ করে যাচ্ছি। বর্তমানে করোনা পরিস্থিতি স্বাভাবিক পর্যায়ে আসায় এ বছর ঈদুল ফিতর এর প্রাক্কালে ঈদযাত্রীর সংখ্যা বাড়বে, ফলে সড়ক পথে গাড়ীর চাপ বৃদ্ধি পাবে। এলক্ষ্যে বিআরটিএ, বিআরটিসি, সড়ক ও জনপথ অধিদপ্তর, হাইওয়ে পুলিশ, নৌপুলিশ, মেট্রোপলিটন পুলিশ এবং বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকগণ কর্তৃক সম্মিলিতভাবে বিভিন্ন সমন্বিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সভার প্রাসঙ্গিকতা বিষয়ে এ বিভাগের অতিরিক্ত সচিব জনাব এ, কে, এম শামীম আক্তার জানান, গত ১৯-০৪-২০২২ তারিখ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী জনাব আসাদুজ্জামান খান, এমপি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার নির্দেশনা মোতাবেক আসন্ন পবিত্র ঈদুল-ফিতর, ২০২২ উদযাপন উপলক্ষে জনসাধারণের যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করা এবং যানজট নিরসনের লক্ষ্যে সেতু বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ, হাইওয়ে পুলিশ, নৌপুলিশ, বিআইডব্লিউটিসির সমন্বয়ে ইতোমধ্যে করণীয় বিষয়সমূহ পর্যালোচনা করে জরুরি ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনার প্রেক্ষিতে মূলতঃ এই সভার আয়োজন করা হয়েছে।

২.০ আলোচনাঃ

২.১ জনাব শাহাবুদ্দিন খান, প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে সভায় জানান, আব্দুল্লাহপুর, আশুলিয়া, বাইপাল সড়কটি কিছুদিন পূর্বে সড়ক ও জনপথ অধিদপ্তর হতে বুঝে নেয়া হয়েছে। বর্তমানে এ সড়কটিতে রুটিন মেইনটেইনেন্স কাজ করা হচ্ছে। আশুলিয়া বাইপাল এলাকার ১ কিলোমিটার অংশে রাস্তার দু'পাশে বিল্ডিং উচু হওয়ার কারণে আউটলেগুলো বন্ধ হয়ে গেছে। এই সকল অংশে কাঁচা ড্রেনগুলো দীর্ঘ দিন বন্ধ থাকার কারণে পানি নিষ্কাশনে সমস্যা হচ্ছে। ইতোমধ্যে পাম্পিং করে পানি নিষ্কাশনের জন্য পাম্পের ব্যবস্থা করা হয়েছে। বর্তমানে ৩ জন সাব-কন্ট্রাক্টর বিভিন্ন স্পটে কাজ করছে। কাঁচা ড্রেনগুলো অনেকাংশেই আনলক করা হয়েছে।

২.২ জনাব মোঃ সবুজ উদ্দিন খান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন সভায় জানান, বাইপাল এলাকায় রিজিড পেভমেন্ট এর উপর ২৪ ঘন্টা পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। দু'লেনের এই রাস্তা বন্ধ হলে আশুলিয়া গার্মেন্টস এলাকায় ব্যাপক যানজটের সৃষ্টি হবে। তিনি জানান আজ হতেই সড়ক ও জনপথ অধিদপ্তরের পক্ষ থেকে নবীনগর থেকে চন্দ্রা পর্যন্ত ভ্রাম্যমান দোকান, অবৈধ গাড়ী পার্কিং রোধে মোবাইল কোর্টের মাধ্যমে উচ্ছেদ করা হচ্ছে। ঈদ যাত্রা উপলক্ষ্যে গার্মেন্টস কর্মী গাড়ি রিজার্ভ করে উত্তরবঙ্গে যায়।

এ সকল রিজার্ভকৃত গাড়ি অবৈধভাবে পার্কিং করার কারণে রাস্তায় ব্যাপক যানজটের সৃষ্টি হয়। যতদূর সম্ভব গাড়িগুলো দূরে সরিয়ে রাখা হলে ফলাফল ভালো পাওয়া যাবে। এছাড়া তিনি আরও বলেন, আব্দুল্লাহপুর, আশুলিয়া, বাইপাল সড়কটিতে তাৎক্ষণিকভাবে মেরামতের জন্য জায়গায় জায়গায় মেটেরিয়ালের স্তুপ রাখতে হবে।

২.৩ জনাব আলী আহমদ খান, এসপি, হাইওয়ে, গাজীপুর রিজিয়ন সভায় জানান, বাইপাল এলাকায় জামতলা, শিমুলতলা অংশে দু'লেন সড়ক এখনো সংস্কার করা হয় নাই। এ সকল অংশে পানি জমে সমস্যার সৃষ্টি হচ্ছে। জিরানি বাইপালের রাস্তার মাঝে ডিভাইডারের কাটা অংশ বন্ধ করে দিলে ভালো ফলাফল পাওয়া যাবে। বাইপাল, নবীনগর, জিরানি এলাকায় অবস্থিত গার্মেন্টস ফ্যাক্টরীর কর্মীগণ ঈদের সময় উত্তরবঙ্গে যাওয়ার ক্ষেত্রে গাবতলী বাস স্টেশন ব্যবহার করে না। রাস্তার উপর দাঁড়িয়ে থাকা বাসগুলো ব্যবহার করে থাকে। এক্ষেত্রে অবৈধভাবে দাঁড়িয়ে থাকা বাসগুলো রেকার দিয়ে সরিয়ে নেয়া হলে যানজটসহ যাত্রী সাধারণের ভোগান্তি অনেকাংশে লাঘব হবে।

২.৪ জনাব আবুল হাসান, উপসচিব, সেতু বিভাগ সভায় জানান, পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের প্রকল্প পরিচালক এর নিকট হতে প্রাপ্ত তথ্যমতে আসন্ন পবিত্র ঈদুল-ফিতর উদযাপন উপলক্ষে জনসাধারণের নৌপথে যাতায়াত নিরাপদ ও নির্বিঘ্ন করার লক্ষ্যে পদ্মা সেতুর নিচ দিয়ে ফেরি চলাচল করার সুযোগ থাকবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব জনাব এ, কে, এম শামীম আক্তার নির্বিঘ্নে ফেরি চলাচল করার বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে সংশ্লিষ্ট সভার সিদ্ধান্তের বিষয়ে দৃষ্টি আকর্ষন করেন।

২.৫ অতিরিক্ত সচিব জনাব এ, কে, এম শামীম আক্তার আসন্ন পবিত্র ঈদুল-ফিতর উদযাপন উপলক্ষে জনসাধারণের নৌপথে যাতায়াতের ক্ষেত্রে স্পীডবোট এবং লঞ্চে যেন অতিরিক্ত যাত্রী বহন না করে, পাশাপাশি মলম পার্টির দৌরাত্মসহ কোনো ধরনের নৌ দুর্ঘটনা যেন না ঘটে সে বিষয়ে নৌপুলিশের প্রতিনিধিকে বিশেষভাবে খেয়াল রাখার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে নৌপুলিশের প্রতিনিধি জনাব মাসুমা আক্তার, পুলিশ সুপার জানান সারাদেশে ঈদের সময় পর্যাপ্ত নৌপুলিশের ব্যবস্থা করা হয়েছে। সভায় ঝড় বা অন্য কোনো ধরণের দুর্যোগের জন্যও নৌপুলিশের প্রস্তুতি গ্রহণের বিষয়ে আলোচনা হয়।

২.৬ জনাব আব্দুল্লাহ আল মামুন, ডিসি (ট্রাফিক), গাজীপুর মেট্রোপলিটন পুলিশ সভায় জানান, ঢাকা থেকে আব্দুল্লাহপুর -টঙ্গী হয়ে ৩১টি জেলার গাড়ি উত্তরবঙ্গে যাতায়াত করে। টঙ্গী বেইলী ব্রীজের ধারণ ক্ষমতা ২৫ টন। ব্রীজ এলাকায় গাড়ি আসলে ধীরগতির কারণে যানজটের সৃষ্টি হয়। বিআরটির করিডরে টঙ্গী জেনারেল হাসপাতাল, টঙ্গী স্টেশনরোড, ময়মনসিংহ রোড, ভগড়া এলাকায় বৃষ্টির পানির কারণে ব্যাপক যানজটের সৃষ্টি হওয়ার ফলে বিআরটির করিডোরে টু লেনের রাস্তা এক লেন হয়ে যায়। এছাড়া বিআরটির করিডোরে রোড ডিভাইডার না থাকার কারণে যত্রতত্র গাড়ি চলাচলের কারণে অনাকাঙ্খিত যানজটের সৃষ্টি হয়। তবে সার্বিক পরিস্থিতি সহনীয় পর্যায়ে রাখার জন্য ইতোমধ্যে ৩০০ পুলিশ কাজ করছে। আরও অতিরিক্ত ১০০ পুলিশ সহযোগিতার জন্য এর সাথে যুক্ত হবে।

২.৭ জনাব এ, এস, এম ইলিয়াস শাহ, প্রকল্প পরিচালক, বিআরটি প্রকল্প (সওজ অংশ) সভায় জানান, বিআরটি করিডোরে সওজ অংশে বাম ও ডানে টু লেনসমূহ ব্যবহারযোগ্য করা হচ্ছে। এই করিডরে ১১ টি স্টেশন প্লাটফর্মের কাজ চলমান রয়েছে। ফুটওভার ব্রীজের ফাউন্ডেশন কাজের জন্য কিছু সমস্যা রয়েছে। ৭ মিটারের টু লেন সড়কে লোকাল গাড়ি থামিয়ে যাত্রী উঠা নামা করা, ধীরগতি সম্পন্ন যান চলাচল না করা এবং জরুরি মেরামতের পাশাপাশি পর্যাপ্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করা হলে ঈদযাত্রায় ঘরমুখো যাত্রী চলাচলে সুবিধা হবে।

২.৮ জনাম মহিরুল ইসলাম, প্রকল্প পরিচালক, বিআরটি প্রকল্প (বিবিএ অংশ) সভায় জানান, হাউজ বিল্ডিং থেকে টঙ্গী পর্যন্ত সমন্বয় করে সার্বক্ষণিক রাস্তা চলাচলের ব্যবস্থা করা হচ্ছে। টঙ্গী বেইলী ব্রীজ এলাকায় ধীরগতির কারণে এপ্রোচ রোড চলাচল উপযোগী করা হয়েছে। এছাড়া ইতোমধ্যে পাম্পের মাধ্যমে পানি নিষ্কাশনের কাজ শুরু হয়েছে। আগামী ২৫-০৪-২০২২ তারিখের মধ্যে স্টেশনরোড এলাকাসহ ময়মনসিংহমুখী রাস্তা সংস্কার করা হবে। চেরাগ আলী থেকে ঢাকামুখী ২৮০ মিটার নেরো ডাইভারশনের কাজ আগামী ২৫-০২-২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

২.৯ জনাব মিজানুর রহমান, অতিরিক্ত ডিআইজি, হাইওয়ে পুলিশ সভায় জানান, আসন্ন ঈদুল ফিত্বরে হাইওয়ে পুলিশ সর্বোচ্চ ক্ষমতা দিয়ে কাজ করবে। এছাড়া জেলা পুলিশ, মেট্রোপলিটন পুলিশ ও নৌপুলিশের সাথে সার্বক্ষণিক সমন্বয় করে কাজ করা হবে। হাইওয়ে পুলিশের পক্ষ থেকে ১৪টি কন্ট্রোল রুম সার্বক্ষণিক মনিটরিং এর ব্যবস্থা থাকবে। তিনি আরও জানান উত্তরমুখী যাত্রার ক্ষেত্রে মূল সমস্যা বঙ্গবন্ধু সেতুর পূর্ব এবং পশ্চিম অংশ। বিশেষ করে বঙ্গবন্ধু সেতুর বগুড়া অংশে নলকা ব্রীজ, হাটিকুমরুল এলাকায় যানজটের স্পীড কমে যায়। এ অংশের কাজগুলো দ্রুত সম্পন্ন করা হলে ঘরমুখী যাত্রীদের দুর্ভোগ অনেকাংশে হ্রাস পাবে। এছাড়া দক্ষিণমুখী যাত্রীদের ক্ষেত্রে পর্যাপ্ত ফেরির ব্যবস্থা করা হলে যানজট অনেকাংশে কমে আসবে। এক্ষেত্রে খালি ফেরিগুলো যদি পুনরায় ফিরে এসে তাহলে অধিক সংখ্যক গাড়ি পারাপারে সুবিধা হবে। টোল প্লাজাসমূহে এডভান্স টোল প্রদান এবং অনলাইন টোল আদায় করা হলে যানজট অনেকাংশে কমে আসবে। এছাড়া সড়কে ঈদ যাত্রা নির্বিঘ্নে করার লক্ষ্যে সড়কে যত্রতত্র ইউ টার্ন এবং হাটবাজারসমূহ বন্ধ করতে হবে।

২.১০ জনাব কে, এম নূর-ই-আলম, প্রকল্প পরিচালক, সাসেক-১ সভায় জানান, গড়াই ফ্লাইওভার যান চলাচলের জন্য উন্মুক্তকরণসহ এলেঙ্গা পর্যন্ত ৭০ কিলোমিটার রাস্তা নির্বিঘ্নে যান চলাচলের জন্য প্রস্তুত করা হয়েছে। সাসেক-২ অংশে আগামী ২৫-০৪-২০২২ তারিখ নলকা ব্রীজ চালু করা হচ্ছে। কড্ডা ও হাটিকামরুল এলাকার সড়ক ব্যাপক চওড়া করা হয়েছে।

২.১১ এ বিভাগের যুগ্মসচিব সৈয়দা ফারহানা কাউনাইন সভায় জানান, ইতোমধ্যে এ বিভাগ কর্তৃক বিভিন্ন সংস্থা এবং স্টেকহোল্ডারদের সাথে নিয়ে সভা করা হয়েছে। বিভিন্ন সংস্থার সাথে সুসমন্বয়ের মাধ্যমে সিদ্ধান্তগুলো সঠিকভাবে বাস্তবায়ন করাই বড় চ্যালেঞ্জ। প্রত্যেক বছরই ঈদকে সামনে রেখে জেলা প্রশাসকগণ সংশ্লিষ্টদের নিয়ে সভা করে থাকে। কিছু কিছু জেলা হাইওয়ের সাথে সম্পৃক্ত, সেই সকল জেলাগুলোতে বিশেষভাবে সভার আয়োজন করতে হবে। তিনি আরও বলেন, ঈদের ছুটিতে জনস্রোত লাঘবের ক্ষেত্রে গার্মেন্টস সেক্টরে ছুটি প্রদানের ক্ষেত্রে টাইম ফ্রেম বেধে দিতে হবে।

২.১২ জনাব মোহাম্মাদ খুরশীদ আলম, পরিচালক (এনফোর্সমেন্ট), বিআরটিএ সভায় জানান, আসন্ন পবিত্র ঈদুল ফিতর, উপলক্ষে সায়েদাবাদ, মহাখালী ও গাবতলী বাস টার্মিনাল এবং ঢাকার বিভিন্ন স্থান হতে ছেড়ে যাওয়া ও আগত মোটরযানের যানজটমুক্তভাবে চলাচল নিশ্চিত করতে ঢাকা মহানগরীর ৩টি বাস টার্মিনালে পৃথক ৩টি ভিজিলেন্স টিম এবং ১টি মনিটরিং টিম গঠন করা হয়েছে। এছাড়াও ঈদের আগের ৩ (তিন) দিন মহাসড়কে ট্রাক, কাভার্ড ভ্যান ও লরী চলাচল বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ দেয়া হয়েছে এবং বিআরটিএ'র সদর কার্যালয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, বিআরটিএ ও বিআরটিসি এর কর্মকর্তাদের সমন্বয়ে ২৮-০৪-২০২২ হতে ০৫-০৫-২০২২ তারিখ পর্যন্ত মোট ৮ দিনের জন্য একটি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে।

২.১৩ জনাব মোঃ তোফাজ্জল হোসেন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সভায় জানান, বঙ্গবন্ধু সেতুর এলাকায় টোলের কারণে যাতে যানজট সৃষ্টি না হয় সে কারণে পূর্ব পাশে ৫টি টোল বুথ থেকে ২টি বর্ধিত করে ৭টি টোল বুথ করা হয়েছে। এছাড়া গোল চত্ত্বর থেকে মোটরসাইকেলের জন্য আলাদা লেন করা হয়েছে। প্রতিটি টোল বুথে ১৫ সেকেন্ডের মধ্যে টোল প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

২.১৪ সর্বশেষে সভাপতি তাঁর বক্তব্যে বলেন, এ বছর ঈদযাত্রায় যাত্রীসাধারণের প্রচন্ড চাপ থাকবে। জনসাধারণের ঈদযাত্রা যেনো নির্বিঘ্নে ঘটে সেজন্য মহাসড়কগুলোতে টেম্পোরারি ওয়াশরুমের ব্যবস্থা রাখতে হবে। হাইওয়েতে সার্বক্ষণিক মনিটরিং এর ব্যবস্থা করতে হবে। বৃষ্টির ফলে জমে থাকা পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত পাম্পের ব্যবস্থা করতে হবে। বিআরটির করিডোরে যানবাহনের শৃঙ্খলা রক্ষার জন্য ডিভাইডারগুলোতে বাঁশ, সিমেন্টের ব্লক ইত্যাদি দ্বারা টেম্পোরারি অবস্টেকেল দিতে হবে। বঙ্গবন্ধু সেতুর পূর্ব ও পশ্চিম পার্শ্বের ফ্লাইওভার, ব্রীজ ও সড়কগুলো আগামী ২৫-০৪-২০২২ তারিখের মধ্যে নিরাপদ যান চলাচলের ব্যবস্থা করতে হবে। টোলের কারণের যেনো অযথা যানজট সৃষ্টি না হয় সেজন্য দৃষ্টি রাখতে হবে। এছাড়াও ফেরিঘাটসমূহে পর্যাপ্ত ফেরির ব্যবস্থা রাখাতে হবে। ফেরিঘাটে যানজট নিরসনে মোটরসাইকেল পারাপারের ব্যবস্থা রাখা সমীচীন হবে।

৩.০ অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | আব্দুল্লাহপুর, আশুলিয়া, বাইপাল সড়কের দু'পাশের আউটলেগুলো এবং কাঁচা ড্রেনগুলো আনলক করতে হবে। আব্দুল্লাহপুর থেকে বাইপাল পর্যন্ত সড়কে বাইপালের ১ কিলোমিটার অংশে সার্বক্ষণিক পাম্পের মাধ্যমে ২৪ ঘন্টা পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। | প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে |
| ০২. | আশুলিয়া বাইপাল এলাকায় ঈদ যাত্রা উপলক্ষে গার্মেন্টস কর্মীদের রিজার্ভকৃত গাড়ির দ্বারা সৃষ্ট যানজট নিরসনে অবৈধ পার্কিং বন্ধ করতে হবে। আব্দুল্লাহপুর, আশুলিয়া, বাইপাল সড়কটিতে তাৎক্ষণিকভাবে মেরামতের জন্য জায়গায় জায়গায় প্রয়োজনীয় ইট, বালি ইত্যাদি মালামাল জরুরি ব্যবহারের জন্য রাখতে হবে। | অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ<br><br>প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে |
| ০৩. | নবীনগর বাইপাল এলাকায় অবৈধভাবে দাঁড়িয়ে থাকা বাসগুলো রেকার দিয়ে সরিয়ে নেয়ার ব্যবস্থা করতে হবে। | অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ |
| ০৪. | পর্যাপ্ত ফেরির ব্যবস্থা রাখাসহ খালি ফেরিসমূহ যাতে ফেরত এসে পুনরায় অধিক সংখ্যক গাড়ি পারাপার করতে পারে প্রয়োজনে সে ব্যবস্থা করতে হবে। | বিআইডব্লিউটিসি |
| ০৫. | পরিস্থিতি বিবেচনায় মটরসাইকেল পারাপারের বিশেষ ব্যবস্থা করতে হবে। | বিআইডব্লিউটিসি |
| ০৬. | বিআরটি করিডোরে বিআরটি প্রকল্প (বিবিএ অংশ) হাউজ বিল্ডিং থেকে টঙ্গী পর্যন্ত সমন্বয় করে সার্বক্ষণিক রাস্তা চলাচলের ব্যবস্থা করতে হবে। পাম্পের মাধ্যমে পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। আগামী ২৫-০৪-২০২২ তারিখের মধ্যে স্টেশনরোড এলাকাসহ ময়মনসিংহমুখী রাস্তা সংস্কার করতে হবে এবং চেরাগ আলী থেকে ঢাকামুখী ২৮০ মিটার নেরো ডাইভারশনের কাজ আগামী ২৫-০২-২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক, বিআরটি (বিবিএ অংশ) |
| ০৭. | বিআরটি করিডোরে সওজ অংশে বাম ও ডানে টু লেনসমূহ ব্যবহারযোগ্য করাসহ এই করিডোরে ১১ টি স্টেশন প্লাটফর্মের কাজ সমাপ্ত করতে হবে। জরুরি মেরামতের পাশাপাশি পর্যাপ্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা করতে হবে। | প্রকল্প পরিচালক, বিআরটি (সওজ অংশ) |
| ০৮. | স্পীডবোট ও লঞ্চে অতিরিক্ত যাত্রী পরিবহনসহ তাৎক্ষণিক দুর্যোগ মোকাবেলা এবং নৌপথের নিরাপত্তা নিশ্চিত ও আইন-শৃঙ্খলা রক্ষার্থে নৌপুলিশসহ সংশ্লিষ্ট সকল পক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | চেয়ারম্যান, বিআরডব্লিউটিসি<br>অতিরিক্ত আইজিপি, নৌপুলিশ সদর দপ্তর |

৪.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষরিত)
২৪/০৪/২০২২
(মোঃ আবদুল্লাহ আল হাসান চৌধুরী)
অতিরিক্ত সচিব

নং-৩৫.০০.০০০০.০২০.০০৬.০১৯.১৮-১৯৮ তারিখঃ ২৪-০৪-২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
০৪। অতিরিক্ত আইজিপি, হাইওয়ে পুলিশ, ৩৪ শাহজালাল এভিনিউ, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৫। অতিরিক্ত আইজিপি, নৌপুলিশ সদর দপ্তর, পুলিশ প্লাজা কনকর্ড টাওয়ার, গুলশান-১, ঢাকা
০৬। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর
০৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা
০৮। প্রকল্প পরিচালক, ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে, বনানী, ঢাকা
০৯। প্রকল্প পরিচালক, বিআরটি(সওজ অংশ)/বিআরটি(বিবিএ অংশ)

24|4|2022

(মোঃ জসিম উদ্দিন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৬৯
ইমেইলঃ sasbrtae@rthd.gov.bd